5

দৈনিক বাংলা

তারিখ 07 JUL 1996
পৃষ্ঠা ১/৮ কলাম ৩

### চতুর্থ দিনে বিভিন্ন স্থানে গোলযোগ

# এইচএসসিঃ নকল ধরতে যেয়ে শিক্ষক ম্যাজিস্ট্রেট প্রহৃত

**স্টাফ রিপোর্টার ঃ** এইচএসসি পরীক্ষার চতুর্থ দিনে গতকাল শনিবার বাংলা দ্বিতীয় পত্রের পরীক্ষাতেও দেশের বিভিন্ন স্থানে গোলযোগের খবর পাওয়া গেছে। ময়মনসিংহের নান্দাইলে শহীদ স্মৃতি আদর্শ কলেজ কেন্দ্রে নকল ধরতে গিয়ে কর্তব্যরত ম্যাজিস্ট্রেট প্রহৃত হয়েছেন এবং সিরাজগঞ্জের সরকারী কলেজ কেন্দ্রে নকল সরবরাহের ঘটনাকে কেন্দ্র করে একজন প্রভাষক প্রহৃত হয়েছেন। পটুয়াখালীর বাউফল ডিগ্রী কলেজ কেন্দ্রে কর্তব্য পালনে অবহেলার জন্য একজন পরিদর্শককে বহিষ্কার করা হয়েছে।

সিরাজগঞ্জ থেকে নিজস্ব সংবাদদাতা জানান, সিরাজগঞ্জ সরকারী বিশ্ববিদ্যালয় কলেজে পরীক্ষা চলাকালের ছাত্রদল নেতা সমির কুমারের হাতে একই কলেজের প্রভাষক মনোয়ারুল ইসলাম প্রহৃত হয়ে গুরুতর আহত অবস্থায় হাসপাতালে ভর্তি হয়েছেন। এইচএসসি পরীক্ষা চলাকালে ডিগ্রী শ্রেণীর ছাত্র সমির অবৈধভাবে পরীক্ষাকক্ষে প্রবেশ করে এবং নকল ধরতে নিষেধ করে। উক্ত প্রভাষক এর প্রতিবাদ জানালে ছাত্রনেতা সমির তাঁকে প্রহার করতে শুরু করে। এ সময় পুলিশ এসে প্রভাষককে উদ্ধার এবং

(৮-এর পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

## শিক্ষক ম্যাজিস্ট্রেট প্রহৃত

(প্রথম পৃষ্ঠার পর)

সমির কুমারকে গ্রেফতার করে। এ ব্যাপারে সিরাজগঞ্জ থানায় একটি মামলা দায়ের করা হয়েছে।

ময়মনসিংহ থেকে স্টাফ রিপোর্টার জানান, নান্দাইল শহীদ স্মৃতি আদর্শ কলেজ কেন্দ্রে বাংলা ২য় পত্র পরীক্ষা চলাকালে নকল ধরতে গিয়ে কর্তব্যরত ম্যাজিস্ট্রেট প্রহৃত হয়েছেন। জানা গেছে, শহীদ স্মৃতি আদর্শ কলেজ কেন্দ্রে সকাল ১১টার দিকে ম্যাজিস্ট্রেট মৃনাল কান্তি দেব একজন পরীক্ষার্থীর কাছ থেকে নকল উদ্ধার করার সময় উক্ত পরীক্ষার্থী ক্ষীপ্ত হয়ে ম্যাজিস্ট্রেটকে লোহার রড দিয়ে আঘাত করে। এ ব্যাপারে নান্দাইল থানায় ম্যাজিস্ট্রেট একটি মামলা দায়ের করে বলে থানা সূত্রে জানা গেছে।

উল্লেখ্য, গত ২ জুলাই ইংরেজী পরীক্ষায় নকল ধরাকে কেন্দ্র করে গুলি, কাঁদানে গ্যাস নিক্ষেপ ও টিএনওর গাড়ি ভাঙ্চুরের ঘটনা ঘটে।

পটুয়াখালী সংবাদদাতা জানিয়েছেন, বাউফল ডিগ্রী কলেজ কেন্দ্রে কর্তব্য পালনে অবহেলার দায়ে পরীক্ষা পরিদর্শক সুলতানুল আবেদীনকে বহিষ্কার করা হয়েছে।

রাজশাহী অফিস জানায় ঃ চলতি এইচএসসি পরীক্ষায় শনিবার রাজশাহী বোর্ডের অধীন ১৬টি জেলার মধ্যে বোর্ড কর্তৃপক্ষ রাত দশটায় মোট ৯টি জেলার খবর জানাতে সক্ষম হয়েছে। এই ৯টি জেলায় পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে মোট ৫৯৭ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়।

জেলাওয়ারী বহিষ্কৃতরা হল ঃ রাজশাহীতে ২৮৫ জন, নবাবগঞ্জে ৬১ জন, নাটোরে ৩৭, নওগাঁতে ২৩, পাবনাতে ২০ জন, রংপুরে ১০৮ জন, গাইবান্ধাতে ২৬ জন, নীলফামারীতে ২০ জন এবং পঞ্চগড়ে ১৭ জন।